তিন দিনের মধ্যে ৩৫৭ পুলিশ কর্মকর্তার তথ্য চেয়ে সদর দপ্তরের চিঠি



ছবি: সংগৃহীত

বিসিএস পুলিশ ক্যাডারের ৩০তম ও ৩১তম ব্যাচের ৩৫৭ কর্মকর্তার বিরুদ্ধে ফৌজদারি মামলা এবং বিভাগীয় শৃঙ্খলাসংক্রান্ত তথ্য সংগ্রহ করছে পুলিশ সদর দপ্তর। এ বিষয়ে দেশের বিভিন্ন পুলিশ ইউনিটকে চিঠি দিয়ে আগামী ৩ নভেম্বরের মধ্যে তথ্য পাঠাতে বলা হয়েছে।

রোববার (১ নভেম্বর) সদর দপ্তরের ক্রাইম অ্যানালাইসিস শাখা থেকে পাঠানো চিঠিতে ৩০তম বিসিএসের ১৭৯ এবং ৩১তম বিসিএসের ১৭৮ কর্মকর্তার নাম রয়েছে। তাঁদের কারও বিরুদ্ধে মামলা থাকলে মামলার বর্তমান অবস্থা ও হালনাগাদ তথ্য জানাতে বলা হয়েছে। হার্ডকপি ও সফটকপি—দুই মাধ্যমেই তথ্য পাঠাতে হবে।

এআইজি (ক্রাইম অ্যানালাইসিস) মোহাম্মদ সাইফুল্লাহ স্বাক্ষরিত চিঠিটি ডিএমপি কমিশনার, রেলওয়ে পুলিশের অতিরিক্ত আইজি, বিভিন্ন রেঞ্জের ডিআইজি এবং মহানগর পুলিশ কমিশনারদের কাছে পাঠানো হয়েছে।

এর আগে ২৯ অক্টোবর পুলিশ সদর দপ্তরের পারসোনেল ম্যানেজমেন্ট-১ শাখাও একই কর্মকর্তাদের মামলা ও বিভাগীয় শৃঙ্খলাসংক্রান্ত তথ্য জরুরি ভিত্তিতে চেয়েছিল। এবার ক্রাইম অ্যানালাইসিস শাখা একই বিষয়ে তথ্য সংগ্রহের উদ্যোগ নিয়েছে।

তালিকাভুক্ত সবাই অতিরিক্ত পুলিশ সুপার অথবা অতিরিক্ত উপপুলিশ কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। তাঁরা ডিএমপি, সিআইডি, পিবিআই, এপিবিএন, রেঞ্জ ও জেলা পুলিশসহ বিভিন্ন ইউনিটে কর্মরত। তালিকায় একজনকে সাময়িক বরখাস্ত এবং আরেকজনকে সৌদি আরবে বাংলাদেশ দূতাবাসে প্রেষণে কর্মরত হিসেবে উল্লেখ করা হয়েছে।

এ বিষয়ে পুলিশ সদর দপ্তরের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের এআইজি কামারুন মুনিরা বলেন, নিয়মিত কাজের অংশ হিসেবেই চিঠি দেওয়া হয়েছে। এর সঙ্গে অন্য কোনো বিষয় নেই।